

খেলা

ফাইনালে আর্জেন্টিনা, গরু জবাই করে ভূরিভোজের আয়োজন



প্রতিবেদক: ক্রীড়া ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



বিশ্বকাপ ফুটবলকে ঘিরে ভক্তদের উন্মাদনার শেষ নেই। আর্জেন্টিনার ফাইনাল ম্যাচ উপলক্ষে গোপালগঞ্জের কোটালীপাড়া উপজেলার কুশলা ইউনিয়নের পবনাপাড় গ্রামে গরু জবাই করে ভূরিভোজের আয়োজন করেছেন আর্জেন্টিনার সমর্থকরা। পাশাপাশি এলাকার এতিম ও অসহায় মানুষের জন্যও খাবারের ব্যবস্থা করা হয়েছে।

রোববার (১৯ জুলাই) পবনাপাড় গ্রামের কেএম চাঁদ মিয়া পাবলিক লাইব্রেরি অ্যান্ড স্পোর্টিং ক্লাব চত্বরে এ আয়োজন করা হয়েছে।

আয়োজনকে ঘিরে সকাল থেকেই ক্লাব চত্বরে শত শত মানুষ জড়ো হতে থাকেন। এ ছাড়া উপজেলার বিভিন্ন এলাকায় ক্লাবে ক্লাবে বড় পর্দায় খেলা দেখার ব্যবস্থা করা হয়েছে।

শুধু ক্লাব বা সংগঠন নয়, বাড়ি বাড়িতেও বিশেষ খাবারের আয়োজন করা হয়েছে। পবনাপাড় গ্রামের আর্জেন্টিনার সমর্থক বরকতউল্লাহ বলেন, ২০২২ সালের বিশ্বকাপে আর্জেন্টিনার ফাইনাল ম্যাচ উপলক্ষে আমরা ভূরিভোজের আয়োজন করেছিলাম। সেই ধারাবাহিকতায়

এবারও ফাইনাল উপলক্ষে ১ লাখ ৩০ হাজার টাকা দিয়ে একটি গরু কিনেছি। এই আয়োজনের মাধ্যমে সবাই মিলে খেলা উপভোগ করব।

উপজেলা যুবদলের সদস্যসচিব ও আর্জেন্টিনার সমর্থক মাম্মান শেখ বলেন, আর্জেন্টিনার ফাইনাল ম্যাচ উপলক্ষে কান্দি ইউনিয়নের আর্জেন্টিনা সমর্থকেরা ১২টি স্থানে প্রায় ৮ হাজার মানুষের খাবারের আয়োজন করেছেন। বড় পর্দায় খেলা দেখার পাশাপাশি যারা সেখানে উপস্থিত থাকবেন, তাদের সবার জন্য খাবারের ব্যবস্থা করা হয়েছে।

এ বিভাগের আরও খবর



সুলতানপুরে মাদকবিরোধী ফুটবল টুর্নামেন্টের মেগা ফাইনালে যৌথ চ্যাম্পিয়ন দুই দল ব্রাহ্মণবাড়িয়ার সুলতানপুরে ইকরামুল হক (কবেল) চেয়ারম্যান প্রয়াস, মাদক আসক্তদের চিকিৎসা ও পূর্ববাসন কেন্দ্রের সার্বিক আয়োজন ও তত্ত্বাবধানে অ...



শ্রীলঙ্কার কাছে হেরে রোজও খোয়াল বাংলাদেশ
স্বপ্ন ছিল সোনার হাসি হাসার। এশিয়ান গেমসে খেলতে যাওয়ার আগে এমন স্বপ্নের কথাই জানিয়েছিলেন অধিনায়ক লিটন দাস। তবে সেই স্বপ্ন তো পূরণ হয়নি, এমন...



এশিয়ান গেমসে আফগানিস্তানকে হারাল নেপাল
এশিয়ান গেমসের পুরুষ ক্রিকেটে আফগানিস্তানকে ৫ উইকেটে হারিয়েছে নেপাল। শুক্রবার জাপানের নিশিনে অনুষ্ঠিত ম্যাচে ১০৩ রানের লক্ষ্য তারা ছুঁয়ে ফ...



ব্যালন ডি'অর জয়ী ফুটবলারকে নির্বাচন করা হয় যেভাবে
চলতি বছরের ব্যালন ডি'অর কার হাতে উঠবে, তা নিয়ে ফুটবলবিশ্বে চলছে নানা আলোচনা। পুরস্কার ঘোষণার সময় যত খনিরে
আসছে, ততই সামনে আসছে একটি পুরোনো গ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/sports/fainale-arjentina-gru-jbai-kre-bhuribhojer-ayojn>